



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
Website: www.bb.org.bd



বিআরপিডি সার্কুলার লেটার নং- ৪৯

০৯ ডিসেম্বর, ২০২১
তারিখ :-----
২৪ অগ্রহায়ণ, ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**চলচ্চিত্র শিল্পের হারানো ঐতিহ্য ফিরিয়ে আনার লক্ষ্যে বিদ্যমান সিনেমা হলগুলো সংস্কার ও আধুনিকায়ন এবং
নতুন সিনেমা হল নির্মাণের উদ্দেশ্যে স্বল্প সুদে দীর্ঘ মেয়াদী ঋণ/বিনিয়োগ প্রদানের লক্ষ্যে
বাংলাদেশ ব্যাংক কর্তৃক একটি বিশেষ পুনঃঅর্থায়ন স্কিম (Refinance Scheme) গঠন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং- ০৪, তারিখঃ ১৪ ফেব্রুয়ারি, ২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলারের ৪নং অনুচ্ছেদে এ মর্মে নির্দেশনা প্রদান করা হয় যে, “ব্যাংকিং নিয়মাচার অনুসরণপূর্বক প্রত্যেক গ্রাহককে প্রতিটি সিনেমা হল এর জন্য ঋণ/বিনিয়োগ সুবিধার প্রাপ্যতা যুক্তিযুক্তভাবে অর্থায়নকারী ব্যাংক কর্তৃক নির্ধারিত হবে। তবে, তা কোনভাবেই প্রতিটি সিনেমা হলের বিপরীতে ৫.০০ (পাঁচ) কোটি টাকার অধিক হবে না।”

০২। বাংলাদেশের আবহমান সংস্কৃতি, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনাকে সমুল্য রেখে দর্শকদেরকে সুস্থধারার বিনোদনে আকৃষ্ট করার লক্ষ্যে দেশব্যাপী বিদ্যমান সিনেমা হল/সিনেপ্লেক্স সংস্কার ও নতুন নতুন সিনেমা হল/সিনেপ্লেক্স নির্মাণের উদ্দেশ্যে গঠিত পুনঃঅর্থায়ন তহবিলের আওতায় স্বল্পসুদে বিতরণযোগ্য ঋণের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকল্পে বিআরপিডি সার্কুলার নং- ০৪/২০২১ এর ৪নং অনুচ্ছেদ নিম্নরূপে প্রতিস্থাপন করা হলোঃ

৪. পুনঃঅর্থায়ন সুবিধার প্রাপ্যতা ও সর্বোচ্চ সীমাঃ ঋণ বিতরণ বিষয়ক যাবতীয় ব্যাংকিং নিয়মাচার অনুসরণপূর্বক প্রতিটি সিনেমা হল/সিনেপ্লেক্স এর অনুকূলে পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় নিম্নোক্ত শর্তসমূহের পরিপালন নিশ্চিত করে যুক্তিযুক্তভাবে অর্থায়নকারী বাণিজ্যিক ব্যাংক বিতরণযোগ্য ঋণের পরিমাণ নির্ধারণ করবে :

(ক) নতুন সিনেমা হল নির্মাণ এবং বিদ্যমান সিনেমা হল সংস্কার ও আধুনিকায়নের ক্ষেত্রে অত্র স্কিমের আওতায় সর্বোচ্চ ১০(দশ) কোটি টাকা ঋণ সুবিধা পাওয়া যাবে।

(খ) একই ভবনে একটি কোম্পানী/ব্যক্তি মালিকানাধীন (একক বা যৌথভাবে) সিনেপ্লেক্স যতসংখ্যক স্ক্রিনবিশিষ্ট হোক না কেন তা আলোচ্য পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ঋণ প্রাপ্তির ক্ষেত্রে “একটি ইউনিট” হিসেবে বিবেচিত হবে। এরূপ নতুন “একটি ইউনিট” স্থাপনের ক্ষেত্রে সর্বোচ্চ ১০(দশ) কোটি টাকা এবং বিদ্যমান “একটি ইউনিট” সংস্কারের ক্ষেত্রে সর্বোচ্চ ৫(পাঁচ) কোটি টাকা ঋণ সুবিধা প্রাপ্য হবে।

(গ) তবে ঋণ প্রদানের পূর্বে যাচিত ঋণ চাহিদার বিষয় সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক পর্যালোচনান্তে নিশ্চিত হতে হবে।

(ঘ) আলোচ্য পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ঋণ সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে একটি সিনেমা হল/সিনেপ্লেক্স এর আসন সংখ্যা ন্যূনতম ১০০(একশত) হতে হবে।

(ঙ) ভাড়াকৃত/ইজারাকৃত স্থাপনায় বিদ্যমান/নির্মিতব্য সিনেমা হল/সিনেপ্লেক্স এর মালিকপক্ষের সাথে ভবন মালিকের ভাড়া/ইজারা চুক্তির মেয়াদ প্রদেয় ঋণ পরিশোধের জন্য নির্ধারিত মেয়াদের চেয়ে কমপক্ষে ৫(পাঁচ) বছর বেশি হতে হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)
মহাব্যবস্থাপক
ফোন: ৯৫৩০২৫২

